JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2020 অর্থ বছর (FISCAL YEAR, FY) এ বাজেটের হাইলাইট ঘোষণা করেন

ওয়াশিংটনের মধ্যবিত্তদের উপর হামলা চালানোর প্রতিবাদে ফ্লাইট গুলো ফিরে এসেছিল - এতে সম্পদের উপর কর স্থায়ী করা হয়, খরচ 2%এর মধ্যে সীমাবদ্ধ রাখা হয় এবং মধ্যবিত্তদের জন্য আয়কর কর্তন করা হয়

দীর্ঘ মেয়াদে আয় উৎপাদন সুবিধাসহ মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) এর সহায়তা পুনর্গঠন করা হয় এর মধ্যে ডিস্ট্রিক্ট ভিত্তিক টোল প্রদানের কেন্দ্রীয় বাণিজ্য অন্তর্ভুক্ত আছে

সমগ্র স্টেট জুড়ে অবকাঠামোমূলক প্রকল্পসমূহে সহায়তা প্রদান করার জন্য গভর্নরের অভিনব 150 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের অংশ হিসেবে 2020 অর্থ বছর চালু করার জন্য বড় ধরনের প্রকল্পে অর্থায়ন করা হয়

স্কুলগুলোতে সহায়তা প্রদানের পরিমাণ 1 বিলিয়ন মার্কিন ডলারের উপর বৃদ্ধি করা হয়, যার ফলে স্কুলে সহায়তা প্রদানের মোট পরিমাণ দাঁড়ায় 27.9 বিলিয়ন মার্কিন ডলার এবং অগ্রাধিকার ভিত্তিতে তুলনামূলকভাবে দরিদ্র স্কুলগুলোর জন্য অর্থায়নের ব্যবস্থা করে শিক্ষা ব্যবস্থায় সমতা আনায়ন এবং শিক্ষা ক্ষেত্রে উৎসাহ প্রদান করা হয়

ক্যাশ বেইল, দ্রুত মামলার নিষ্পত্তি এবং উদঘাটন প্রক্রিয়ার রূপান্তরের মাধ্যমে ক্রিমিনাল জাস্টিস রিফর্ম বিষয়ে কর্মরত মূল কার্যক্রমকে সক্রিয় করা হয়

আইভিএফ এবং ডিম-হিমায়িতকরণ সেবা প্রদান, যৌন পাচারের শিকার ব্যক্তিদেরকে রক্ষা করার জন্য রেপ শিল্ড গঠন এবং মানসিক নৈতিকতার জন্য যুদ্ধ বিষয়ক কর্মকাণ্ডের উন্নয়ন সাধনের জন্য নারী এজেন্ডা উদ্যোগকে শক্তিশালী করা হয়

অ্যাফোর্টেবল কেয়ার অ্যাক্ট প্রভিশনকে বিধিবদ্ধ করা, স্টেট আইনে স্টেটের স্বাস্থ্য বিমার অবস্থানের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে

আজ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো 2020 অর্থ বছর বাজেটের হাইলাইট ঘোষণা করেন। গভর্নর এর জাস্টিস এজেন্ডা 2019 অনুসারে প্রস্তুত বাজেটে সবার জন্য সামাজিক এবং অর্থনৈতিক ন্যায় বিচারের ব্যাপক সুযোগ রয়েছে, এখানে নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে অবিরত ওয়াশিংটনের উন্নয়নে

পশ্চাদপদ ভূমিকায় দেখানো হয় এবং মধ্যবিত্ত শ্রেণি এখানে লাঞ্চনার শিকার, শিক্ষা ক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধি, স্টেটের ক্রিমিনাল জাস্টিস ব্যবস্থাকে পুনর্গঠন, নিউ ইয়র্কের মহিলাদের উন্নয়ন বিষয়ক কর্মকাণ্ডকে আরও শক্তিশালী করার নিমিত্তে অবিরত সহায়তা প্রদানের প্রতিশ্রুতি প্রদান করা হয় এবং নিউ ইয়র্কের অবাঠামোগত উন্নয়নে এবং 21 শতকের চাহিদা পূরণের জন্য অতি জরুরি অবাঠামোগত বিনিয়োগকে অগ্রাধিকার প্রদান করা হয়। ধারাবাহিকভাবে নবম বছরের মতো, বাজেটটি ভারসাম্যপূর্ণ এবং ব্যয় বৃদ্ধি 2% এ বিদ্যমান থাকে।

"এটি সবচাইতে বড়, সুদূরপ্রসারি স্টেট বাজেট যা আমরা সম্পন্ন করেছি এবং ধারাবাহিকতা অনুসারে নবম বছর অনুসারে এটি ছিল সময় উপযোগী এবং অর্থনৈতিকভাবে প্রাসঙ্গিক", **গভর্নর কুওমো বলেন।** "আমরা এখানে সহজ সমস্যা সমাধান করতে আসিনি - আমরা এখানে আছি এমন সব কঠিন কাজ সমাধা করার জন্য যা আপনার পক্ষে করা সম্ভব নয় বা যা আপনার হজম করা সম্ভব নয় কারণ ঐ কাজগুলি অর্জন করে নিতে হয়। সম্পত্তির উপর স্থায়ী কর ধার্য করার জন্য পুনঃগঠনমূলক কাজ এবং আমাদের ক্রিমিনাল জাস্টিস বিষয়ক ব্যবস্থাকে তুলনামূলকভাবে আরও ন্যায্য করতে MTA-কে অর্থ সহায়তা প্রদান করার জন্য নির্দিষ্ট ক্যাম্পেইন হতে শুরু করে দীর্ঘ দিন যাবৎ এই স্টেট যে সকল জটিল সমস্যায় ভুগছে এই বাজেটে তা উল্লেখ করা হয়েছে। এ সকল উন্নয়নমূলক পুনর্গঠনসমূহ আমাদের 2019 সালের জাস্টিস এজেন্ডাতে একত্রে জাতির সামনে তুলে ধরা হয়েছে যাতে করে দুঃসময়ের মোকাবেলা করা যায় এবং ওয়াশিংটনের অন্য অবকাঠামোগত সমস্যা থাকা সত্ত্বেও সামনে এগিয়ে যাওয়া যায়।"

2020 অর্থ বছর অনুমোদিত বাজেটের হাইলাইটসমূহ:

- নবম ধারাবাহিক বছরে স্টেট পরিচালিত তহবিল খরচের পরিমাণ হচ্ছে 102.1 বিলিয়ন মার্কিন ডলার, প্রবৃদ্ধির হার 2% এ বিদ্যমান (ফেডারেল ফান্ডসমূহ এবং মূলধন স্টেট পরিচালিত তহবিলের আওতা বহির্ভূত)
- 2020 অর্থ বছরে মোট তহবিল খরচের পরিমাণ 175.5 বিলিয়ন মার্কিন ডলার
- যেহেতু 2012 সাল হতে সম্পত্তির উপর 2% কর বাধ্যতামূলক করার ফলে আয়কর জমার পরিমাণ প্রায় 25 বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে
- পুনর্গঠন এবং MTA এর জন্য ডিস্ট্রিক্ট পর্যায়ের কেন্দ্রীয় বাণিজ্য টোল হতে আনুমানিক 15 বিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করতে হবে
- স্কুল পর্যায়ে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সহায়তা প্রদান বৃদ্ধির ফলে স্কুলে মোট সহায়তার পরিমাণ হবে 27.9 বিলিয়ন মার্কিন ডলার
- বেআইনি কাজ এবং অহিংস অপরাধের জন্য ক্যাশ বেইল অপসারণ, দ্রুত মামলার নিষ্পত্তিকরণ এবং নিত্য নতুন রূপান্তরের প্রক্রিয়ার মাধ্যমে সুদূরপ্রসারী ক্রিমিনাল জাস্টিস পুনঃগঠনমূলক সেবা প্রদান করা
- পরবর্তী পাঁচ বছরে অবকাঠামোমূলক প্রকল্পসমূহে গভর্নরের 150 বিলিয়ন মার্কিন ডলার প্রদানের অভিনব প্রতিশ্রুতির ফলে 675,000টি চাকরির সুযোগ সৃষ্টি হবে
- অ্যাফোর্টেবল কেয়ার অ্যাক্টকে বিধিবদ্ধ করা
- একবার ব্যবহার করা প্লাস্টিক ব্যাগ নিষিদ্ধ করা
- খাবারের উচ্ছিষ্ট অংশ পুনর্ব্যবহারমূলক প্রোগ্রাম চালু করা

- সকল আঞ্চলিক প্রতিষ্ঠানসমূহে জানুস সুরক্ষা সম্প্রসারিত করা এবং সংগঠিত হওয়ার ও সম্মিলিতভাবে অধিকার আদায়ের জন্য সমবেত হওয়া
- প্রশাসনিক সেশন সমাপ্ত হওয়ার প্রথম 10 সপ্তাহের মধ্যে ভোট প্রদান ব্যবস্থা পুনর্গঠন করা
- পরিষ্কার পানির জন্য অবকাঠামো তৈরিতে অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা, স্টেটের ইতিহাস রক্ষার জন্য অতিরিক্ত 3 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা

<u>**অর্থনৈতিক ন্যায়বিচার**</u>

অত্যন্ত সফল সম্পত্তি করের সীমা স্থায়ী করা: এই ঐতিহাসিক আইন রক্ষার্থে, 2020 অর্থ বছর বাজেটে সম্পদের উপর বাধ্যতামূলকভাবে 2% কর প্রদান করার কথা অন্তর্ভুক্ত করার ফলে আয়কর দাতার সঞ্চয় দাঁড়াবে আনুমানিক 25 বিলিয়ন মার্কিন ডলার কারণ 2012 সালে গভর্নর কর্তৃক এই আইন কার্যকর করা হয়।

মধ্যবিত্তের কর কর্তনের ফেজ-ইন অব্যাহত রাখা: বাজেটটি মধ্যবিত্তের কর কর্তনের ফেজ-ইন সমর্থন করে। এইসব সংশোধনের অধীনে, যখন কর্তন পুরোপুরি ফেজ-ইন হবে তখন হার 5.5 শতাংশ ও 6 শতাংশে নেমে যাবে - মধ্যবিত্তের জন্য 20 শতাংশ পর্যন্ত আয়কর কর্তন - এবং 2025 সালের মধ্যে ছয় মিলিয়ন ফাইলারের জন্য আনুমানিক 4.2 বিলিয়ন মার্কিন ডলার বার্ষিক সঞ্চয় তৈরি করা। নতুন হার ফেজ-ইন হওয়ার সাথে, এটি হবে 70 বছরের মধ্যে স্টেটের মধ্যবিত্ত শ্রেণীর জন্য সর্বনিম্ন কর হার।

মিলিয়নিয়ারের কর মেয়াদ বৃদ্ধি: সমৃদ্ধি অর্জনের মাধ্যমে এই উন্নতির ধারা অব্যাহত রাখতে এবং নিউ ইয়র্কের মধ্যবিত্ত শ্রেণির জন্য ন্যায্য কর ব্যবস্থা নিশ্চিত করতে মিলিয়নারদের উপর বর্তমান ধার্যকৃত করের হার আরও পাঁচ বছরের জন্য বৃদ্ধি করার প্রস্তাব করা হয় যার ফলে বর্ধিত সময়ের প্রথম বছরেই অর্জিত হবে আনুমানিক 4 বিলিয়ন মার্কিন ডলার এবং তার পরবর্তী সময়কালে বাৎসরিক হারে বৃদ্ধি পাবে। মিলিয়নিয়রের আয়কর হতে অর্জিত আয় হতে রাজস্ব প্রদান করা হবে অন্যথায় এ আয় হতে নিউ ইয়র্ক এর ভবিষ্যৎ অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিক্ষা এবং অবকাঠামো খাতে বিনিয়োগ করা সম্ভব হবে না।

21 শতাব্দীর অবকাঠামো নির্মাণ

MTA পুনর্গঠন এবং অর্থায়ন: 2020 অর্থ বছরের অনুমোদিত বাজেটে MTA পুনর্গঠন এবং MTA এর জন্য নতুন তহবিল উৎস অন্তর্ভুক্ত রয়েছে।

MTA পুনর্গঠন
এর জন্য MTA কে জুন মাসের মধ্যে একটি সাংগঠনিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে যা MTA বোর্ড নিয়োগসমূহকে নিয়োগকারী কর্তৃপক্ষের সাথে সামঞ্জস্য রেখে পরিবর্তন করে যার জন্য MTA কে একটি স্বাধীন ফরেনসিক অডিট ও কার্যকারিতা পর্যালোচনা করতে হবে যা বৃহৎ নির্মাণ

পর্যালোচনা ইউনিট গড়ার তাগিদ দেয় যে ইউনিটটি বাইরের বিশেষজ্ঞদেরকে নিয়ে গঠিত হবে যারা বৃহৎ প্রকল্পসমূহ পর্যালোচনা করবেন, একটি 20-বছরের মূলধন চাহিদাসমূহের মূল্যায়ন শুরু করবেন যা যেটি 2023 সাল থেকে শুরু হয়ে প্রতিদ্বন্দ্বীতামূলক অর্জনের সীমাকে 100,000 মার্কিন ডলার থেকে 1 মিলিয়ন ডলারে উন্নীত করে, কম্পট্রোলার চুক্তির অনুমোদনের জন্য একটি 30 দিনের পর্যালোচনা নোটিশকে সুপ্রতিষ্ঠিত করে এবং MTA পারফরমেন্স মেট্রিক্সের উপর গণ প্রতিবেদন পেশ করার তাগিদ দেয়। বাজেট তৈরি করতে ক্যাপিটাল প্রোগ্রাম পর্যালোচনা বোর্ড এর সদস্যের সম্পৃক্ততা দরকার হবে এবং যারা তাদের ভেটো এর জন্য লিখিত ব্যাখ্যা দিতে MTA এর বৃহৎ পরিকল্পনাকে অনুমোদন করেন না এবং MTA কে পরিকল্পনাটি পর্যালোচনা করা এবং প্রতিউত্তর প্রদানের সুযোগ দিবেন যাতে করে সদস্যরা তাদের ভেটো তুলে নিতে পারে। কোনো ঠিকাদার যদি মোট চুক্তিবদ্ধ খরচের 10% অতিক্রম করে বা বৃহৎ নির্মাণ প্রকল্পের জন্য নির্ধারিত সময় অতিক্রম করে তাহলে বাজেট অনুসারে MTA যেকোনো ঠিকাদারকে বাদ দেওয়ার অধিকার সংরক্ষণ করবে। অনুমোদিত বাজেটে MTA এর সময় এবং অর্থ সঞ্চয়ের নিমিত্তে প্রকল্পিত নকশা অনুসারে কোন MTA বৃহৎ প্রকল্পকে 25 মিলিয়ন মার্কিন ডলারের উপর হতে হবে।

MTA এর অর্থায়ন

- **জেলা ভিত্তিক কেন্দ্রীয় বাণিজ্য টোল:** MTA তহবিলের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে জেলা ভিত্তিক কেন্দ্রীয় বাণিজ্য টোল প্রোগ্রাম যার প্রথম প্রোগ্রামটি হবে সার্বজনীন। এর মধ্যে জেলা ভিত্তিক কেন্দ্রীয় বাণিজ্যের পরিসীমা অনুসারে ইলেকট্রনিক টোলিং ডিভাইস স্থাপন করা হবে যেমন- ম্যানহাটানের 60তম রাস্তার দক্ষিণের রাস্তার কথা উল্লেখ করা যেতে পারে। এই প্রোগ্রামটি প্রবর্তিত, পরিচালিত এবং রক্ষনাবেক্ষণ করবে ট্রিবরো ব্রিজ এবং টানেল অথরিটি (Triborough Bridge and Tunnel Authority, TBTA), প্রতিষ্ঠানটি নিউ ইয়র্ক শহরের পরিবহন ও সংস্থাপন মন্ত্রনালয়ের সাথে অন্তরঙ্গ হয়ে কাজ করবে। বোর্ডের পরামর্শ অনুসারে TBTA কর্তৃক নির্ধারিত টোল সংক্রান্ত পরামর্শ প্রদান, ছাড় এবং ধার সংক্রান্ত বিষয়াবলী পর্যালোচনা করার জন্য ছয় সদস্য বিশিষ্ট একটি ট্রাফিক মোবিলিটি পর্যালোচনা বোর্ড (Traffic Mobility Review Board) গঠন করা হবে। টোল বিভিন্ন ধরনের হতে পারে এবং দিনে শুধুমাত্র একবারই যাত্রী পরিবহনের জন্য চাঁদা আদায় করা হবে। কার্যকরের দিবস 31 ডিসেম্বর, 2020 এর পূর্বে হবে না। এই টোলিং প্রোগ্রাম 15 বিলিয়ন মার্কিন ডলার এর সমতা আনায়ন করবে যা MTA এর বড় ধরনের চাহিদা পূরণের নিমিত্তে প্রদান করা হবে।
- অনুমোদিত বাজেট এই করের 100% রাজস্ব MTA ক্যাপিটাল বাজেটে যাওয়া নিশ্চিত করতে এবং ক্যাপিটাল বহির্ভূত ব্যয়ে এই সকল রাজস্ব ব্যবহার করা নিষিদ্ধ করতে একটি বিশেষভাবে নিয়োজিত লকবক্স তৈরি করবে।
- **প্রগতিশীল ম্যানশন ট্যাক্স:** MTA এর জন্য সম্পদ বৃদ্ধি করতে অনুমোদিত 2020 অর্থ বছরের বাজেট একটি বর্ধিত স্থানান্তর ট্যাক্স বাস্তবায়ন করেছে যেখানে নিউ ইয়র্ক সিটিতে 25 মিলিয়ন মার্কিন ডলার বা তার বেশি দামে আবাসিক সম্পত্তির বিক্রয়ের উপর সমন্বিত শীর্ষ হার 4.15% আরোপিত হবে। এই অবকাঠামোটি কর প্রশাসনের কার্যকারিতা বৃদ্ধি করে, 365 মিলিয়ন মার্কিন ডলার উচ্চ-প্রান্তিক

হস্তান্তরসমূহ থেকে সংগ্রহ করছে যা MTA এর ক্যাপিটাল ডিস্ট্রিক্ট এর ক্যাপিটাল টোলিং লকবক্স এ জমা দেওয়া হবে এবং 5 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত MTA প্রকল্পসমূহে অর্থায়নের জন্য খরচ করা হবে। নতুন হার 1 জুলাই, 2019 থেকে কার্যকর হবে।

- **ইন্টারনেট কর সুবিধা বাতিল করা:** অনুমোদিত বাজেট ইন্টারনেট মার্কেটপ্লেস পরিচালনাকারীদের থেকে প্রয়োজনীয় বিক্রয় ট্যাক্স সংগ্রহ করার জন্য একটি সামঞ্জস্যপূর্ণ ফ্রেমওয়ার্ক প্রদান করবে যেটি প্রত্যাশা করা হচ্ছে যে স্থানীয় সরকারের জন্য বার্ষিক 160 মিলিয়ন মার্কিন ডলার এবং MTA ক্যাপিটাল প্লান লকবক্সের জন্য 320 মিলিয়ন মার্কিন ডলারের নতুন কর সংযোজন করবে যা MTA এর জন্য অর্থায়নের 5 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সহায়তা করবে। নিউ ইয়র্কের ইট ও মর্টারের খুচরা বিক্রেতাগণ বর্তমানে সমস্যায় আছে কারণ অনেক অন-লাইন খুচরা প্রতিদ্বন্দ্বীগণ বিক্রয় কর সংগ্রহ করছে না। এই অসম আচরণ খুচরা বিক্রেতাদের জন্য অন্যায্য যারা বিক্রয় কর সংগ্রহ করে, যেসব কাস্টমার বিক্রয় কর পরিশোধ করে, সাধারণ জনগণ যারা স্টেট ও স্থানীয় রেভিনিউ ত্যাগ করে এবং যারা এই সব রেভিনিউ দ্বারা সমর্থিত জনসেবার উপর নির্ভর করে। এই প্রস্তাব নিশ্চিত করে যে স্টেটের বাইরের ব্যবসায়ীগণ আমাদের স্টেটের খুচরো ব্যবসায়ীদের উপর মূল্য সুবিধা পাবেন না।

জাতীয় সর্ববৃহৎ পরিকাঠামো প্রোগ্রাম (Nation's Largest Infrastructure Program) এ অতিরিক্ত 150 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ: 2020 অর্থ বছর থেকে শুরু করে পরবর্তী পাঁচ বছরে অবকাঠামো প্রকল্পে 150 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের গভর্নর কুওমোর ব্যতিক্রমধর্মী অঙ্গীকার প্রদানের কারণে এইসকল ক্যাপিটাল প্রকল্প পরিবহন ব্যবস্থা পুনর্নির্মাণ, অর্থনৈতিক উন্নয়ন সৃষ্টি, নতুন গ্রীন ফ্যাসিলিটি সৃষ্টি এবং নিউ ইয়র্কের টেকসই জ্বালানী ভবিষ্যৎ বিনির্মাণে সহায়তা করা শুরু করবে।

নিউ ইয়র্কের সর্বস্তরের অর্থনৈতিক বিকাশ কৌশল (Bottom-Up Economic Development Strategy) অব্যাহত রাখা

রেজিওনাল অর্থনৈতিক বিকাশ কাউন্সিল (Regional Economic Development Councils) এর নবম পর্যায়ের জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ: 2011 সালে, দীর্ঘমেয়াদী রেজিওনাল কৌশলগত অর্থনৈতিক বিকাশ পরিকল্পনা তৈরি করতে গভর্নর কুওমো 10 রেজিওনাল অর্থনৈতিক বিকাশ কাউন্সিল (Regional Economic Development Councils, REDCs) প্রতিষ্ঠা করেন। এরপর থেকে, REDC গুলি 7,300 এর বেশি প্রকল্পে 6.1 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। কৌশলটির ফলে নিউ ইয়র্কে নতুন ও পুরোনো মিলিয়ে 230,000 এর বেশি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। অনুমোদিত বাজেটে প্রকৃত মূলধন এবং ট্যাক্স-ক্রেডিট তহবিল অন্তর্ভুক্ত রয়েছে যা বিস্তৃত পরিসরের এজেন্সির সাথে একত্রিত হয়ে নবম পর্যায়ে REDC-এর প্রদত্ত অর্থের পরিমাণ মোট 750 মিলিয়ন মার্কিন ডলার করবে।

ফোর্থ ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Downtown Revitalization Initiative) এর মাধ্যমে সমগ্র স্টেটের কমিউনিটিগুলিতে বিনিয়োগ করা: ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ ডাউনটাউনের এলাকাগুলিকে প্রাণবন্ত কমিউনিটিতে পরিণত করছে যেখানে ভবিষ্যৎ প্রজন্মের নিউ ইয়র্কবাসী বসবাস করতে, কাজ করতে এবং পরিবার গঠন করতে চাইবে। স্টেটের 10টি REDC ডাউনটাউনের রূপান্তরের সম্ভাবনার উপর ভিত্তি করে অংশগ্রহণকারী কমিউনিটিগুলোকে মনোনীত করা হয়। তিন দফার পুরস্কারের মাধ্যমে, বিজয়ী কমিউনিটিগুলিকে ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা বিকাশ ও কমিউনিটির পুনরুজ্জীবন লক্ষ্যের মূল অনুঘটক প্রকল্প বাস্তবায়নের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। 2020 অর্থ বছরে অনুমোদিত বাজেট ডাউনটাউন রিভাইটালাইজেশান প্রকল্পের চতুর্থ রাউন্ডের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পের একটি প্রগতিশীল, ব্যবহারকারী-বান্ধব ডাটাবেজ তৈরি করা: স্টেটের অর্থনৈতিক উন্নয়ন প্রচেষ্টায় স্বচ্ছতা বৃদ্ধি এবং উপলব্ধ তথ্য আধুনিকায়নের লক্ষ্যে, গভর্নর একটি সার্চেবল অনলাইন ডাটাবেজ তৈরি এবং হোস্ট করতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কে নির্দেশনা দিয়েছেন যা জনগণকে ESD এর সুবিধাপ্রাপ্ত প্রকল্পগুলি সম্পর্কে সাম্প্রতিক এবং প্রাসঙ্গিক তথ্যের যোগান দেবে।

সবার জন্য মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করা

শিক্ষায় অর্থায়ন ও সমতা বৃদ্ধি করে: স্কুলের সহায়তার ক্ষেত্রে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বৃদ্ধি স্কুল সহায়তাকে রেকর্ড সংখ্যক 27.9 বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হবে এবং বর্ধিত অর্থায়নের 70% এর বেশি দরিদ্রতর ডিস্ট্রিক্টসমূহকে দেওয়া হবে। সেইসাথে নতুন রিপোর্ট করার শর্তাবলী অধিকতর স্বচ্ছ, সমতাভিত্তিক শিক্ষা ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে স্বতন্ত্র স্কুল লেভেলকে অর্থায়নে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে সম্পদ বিতরণে ভারসাম্যহীনতার সমাধান করবে।

উচ্চতর শিক্ষার জন্য অর্থায়ন বৃদ্ধি করবে: অনুমোদিত বাজেট নিউ ইয়র্কে উচ্চ শিক্ষার জন্য অর্থায়নের ক্ষেত্রে 208 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করে, মোট সহায়তাকে প্রায় 7.7 বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করছে - যা 2012 অর্থ বছর থেকে 1.7 বিলিয়ন মার্কিন ডলার বা 28% বেশি। এই কর্মসূচীর মধ্যে রয়েছে কলেজসমূহকে অধিকতর সামর্থ্যের মধ্যে আনা এবং সেরা ও সবচেয়ে মেধাবী শিক্ষার্থীদেরকে তাদের ভবিষ্যৎ কর্মক্ষেত্র হিসেবে নিউ ইয়র্ক সিটিকে বেছে নিতে উৎসাহিত করার জন্য 1.2 বিলিয়ন মার্কিন ডলারের কৌশলগত প্রকল্পসমূহ।

Jose R. Peralta বহিরাগত নাবালকদের বিকাশ, সহায়তা এবং শিক্ষা আইন (Development, Relief and Education for Alien Minors Act, DREAM Act) কে রূপদান: প্রনীত বাজেট, এই বছরের গোড়ারদিকে আইনসভা দ্বারা প্রথম পাশ হওয়া, Jose R. Peralta বহিরাগত নাবালকদের বিকাশ, সহায়তা এবং শিক্ষা আইন কে রূপায়িত করে এবং 27 মিলিয়ন ডলার সম্পূর্ণ অর্থের যোগান দেয়।

এক্সেলসিয়র স্কলারশিপ ফ্রি টিউশন প্রোগ্রাম (Excelsior Scholarship Free Tuition Program) এর জন্য উপযুক্ততা বৃদ্ধি করে: স্টেটের সফল টিউশন ফ্রি কর্মসূচি তৃতীয় বর্ষে পদার্পন করায় যেসকল শিক্ষার্থীর পরিবার বার্ষিক 125,000 মার্কিন ডলারের বেশি আয় করে তারা এখন থেকে এই কর্মসূচির জন্য যোগ্য হবে যা পূর্ণ সময়কালীন, স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) ও নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) এর 55 শতাংশকে সুযোগ দেবে বা নিউ ইয়র্কের 210,000 এর বেশি অধিবাসীকে তারা যখন TAP সহায়তার সাথে সংশ্লিষ্ট হবে তখন ফ্রি টিউশনে কলেজে যোগদানের সুযোগ দেবে।

সার্বজনীন প্রাক-কিন্ডারগার্টেন সম্প্রসারণ করা: উচ্চ-চাহিদাসম্পন্ন স্কুল ডিস্ট্রিক্টগুলোতে তিন বা চার বছর বয়সী 3,000 শিশুদের জন্য অর্ধ-দিবস ও পূর্ণ-দিবস প্রি-কিন্ডারগার্টেন নির্দেশিকা সম্প্রসারণ করার জন্য বাজেটটিতে অতিরিক্ত 15 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যা 123,000 এর বেশি শিক্ষার্থীকে সেবা প্রদান করছে।

এম্পায়ার স্টেট আফটার-স্কুল প্রোগ্রাম (Empire State After-School Program) বর্ধিত করা: প্রত্যেক শিশু যাদের আফটার স্কুলে যেতে একটি নিরাপদ স্থানের প্রয়োজন তাদের প্রত্যেকের জন্য সে রকম স্থানের ব্যবস্থা নিশ্চিত করার জন্য, স্টেট জুড়ে উচ্চ চাহিদা সম্পন্ন কমিউনিটিগুলিতে অতিরিক্ত 6,250টি নতুন আফটার স্কুল স্লট প্রতিষ্ঠার জন্য অনুমোদিত বাজেটে অতিরিক্ত 10 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। এই অতিরিক্ত তহবিল বৃহৎ গোষ্ঠি জড়িত রয়েছে এমন এলাকাগুলোকে অগ্রাধিকার দিবে এবং গৃহহীন শিক্ষার্থী ও অন্যান্য শিক্ষার্থী যাদের স্কুল থেকে যাওয়ার পর থাকার জন্য কোনো নিরাপদ স্থান নাও থাকতে পারে এমন শিক্ষার্থীদের সেবা প্রদানের উপর মনোযোগ প্রদান করবে। অতিরিক্ত স্লটসমূহ তৈরির ফলে পাঠদানকৃত শিক্ষার্থীর মোট সংখ্যা ৪0,000 এ দাঁড়াবে।

উই টিচ নিউ ইয়র্ক (We Teach NY) প্রোগ্রামের মাধ্যমে ঘাটতি আছে এমন এলাকায় নতুন শিক্ষক নিয়োগ: বিভিন্ন বর্ণের শিক্ষকের চলমান সংকটের প্রতিক্রিয়ায়, বিভিন্ন বর্ণের এবং উচ্চ-চাহিদা সম্পন্ন বিষয়ের ক্ষেত্রে কাজ করবেন এমন 250 জন অসাধারণ শিক্ষক প্রার্থী নিয়োগ ও প্রস্তুতের নিমিত্তে অনুমোদিত বাজেট 3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে।

মাস্টারস শিক্ষক প্রোগ্রামের সম্প্রসারণ: গভর্নর'স মাস্টারস টিচার্স প্রোগ্রামের সাফল্যের উপর ভিত্তি করে—যা 1,000 জন শিক্ষকের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে—উচ্চ হারে শিক্ষক বিপর্যয় বা অনভিজ্ঞতা রয়েছে এমন স্কুলসমূহের মাস্টার শিক্ষকদের অতিরিক্ত সহযোগী তহবিলের জন্য 1.5 মিলিয়ন মার্কিন ডলার এই বাজেট প্রদান করে।

উন্নত কোর্সওয়ার্কের সুযোগসুবিধা সম্প্রসারণ: দরিদ্র শিক্ষার্থীদের উন্নত প্লেসমেন্ট এবং ইন্টারন্যাশনাল ব্যাকালোরিয়েট পরীক্ষার খরচ সাশ্রয়ের জন্য অনুমোদিত বাজেটে 5.৪ মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে সকল কঠোর পরিশ্রমী শিক্ষার্থীগণ উন্নত পাঠ্যক্রমের সুযোগ লাভ করে। সেইসাথে, অল্প বা কোনো উন্নত কোর্স নেই এমন স্কুল ডিস্ট্রিক্টসমূহে উন্নত কোর্স প্রতিষ্ঠার জন্য বাজেটে 1.5 মিলিয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

শিক্ষার্থী ঋণ গ্রহণকারীদের সুরক্ষা প্রদান: শিক্ষার্থীদের ঋণপ্রদানকারী কোম্পানি, যা নিউ ইয়র্কবাসীদের অধীনে, সেগুলোকে লাইসেন্স প্রদান করার মাধ্যমে অনুমোদিত বাজেটে সুদূরপ্রসারী সুরক্ষা অন্তর্ভুক্ত আছে এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ঋণপণ্যের পরিচালনাকারী আইন ও বিধির সাথে সামঞ্জস্যপূর্ণ মান যাতে তারা পূরণ করে তাই বাজেটে নির্দেশিত রয়েছে। এছাড়াও নতুন আইন নিশ্চিত করবে যে কোনো শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারী ঋণগ্রহীতাকে ভুল পথে চালিত করতে পারবে না অথবা কোনো লুণ্ঠনমূলক কাজ বা অভ্যাসে লিপ্ত করতে, পরিশোধিত অর্থের অপব্যবহার করতে পারবে না, ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলিকে ভুল তথ্য প্রদান করবে না অথবা এমন অন্য কোনো অভ্যাসে যুক্ত পারবে না যা ঋণগ্রহীতার ক্ষতি করতে পারে।

সকল নিউ ইয়র্কবাসীর জন্য অর্থনৈতিক সুযোগ তৈরি করা

175 মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ কর্মশক্তির উদ্যোগ (Workforce Initiative) শুরু: অনুমোদিত বাজেটে 175 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ এবং কর্মসংস্থান বিনিয়োগের জন্য একটি নতুন দৃঢ় তহবিল অ্যাপ্লিকেশন (Consolidated Funding Application) এর সমর্থন রয়েছে যা ব্যবসায়ের স্বল্প মেয়াদি কর্মশক্তি প্রয়োজন মেটাতে কৌশলগত রেজিওনাল প্রচেষ্টাকে সমর্থন করবে, এবং বর্ধমান শিল্পের দীর্ঘমেয়াদি প্রয়োজন সমাধান করবে - বিশেষ করে পরিচ্ছন্ন শক্তি, স্বাস্থ্য প্রযুক্তি, এবং কম্পিউটার বিজ্ঞানের মতো উন্নয়নশীল ক্ষেত্র যেখানে চাহিদা বাড়ছে সেখানে মনযোগ দেওয়া হবে। এছাড়াও এইসব তহবিল নারী, যুব এবং ক্যারিয়ার অগ্রসর করতে উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হয় এমন জনগণের অর্থনৈতিক নিরাপত্তা উন্নত করার প্রচেষ্টাকেও সমর্থন করবে।

কর্মী প্রশিক্ষণ ইনসেনটিভ প্রোগ্রাম (Employee Training Incentive Program, ETIP) উন্নত করার মাধ্যমে নিয়োগকর্তা-ভিত্তিক প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারিত করা: 2020 অর্থ বছরের অনুমোদিত বাজেটে কর্মী প্রশিক্ষণ ইনসেনটিভ প্রোগ্রামটি সম্প্রসারিত করবে যাতে আরও বেশি শিল্পকে আরও বেশি প্রশিক্ষণ বিকল্প প্রদান করা যায় নিবেদিত প্রশিক্ষণ-ঘরসহ নিয়োগকর্তাদের অনুমোদিত প্রশিক্ষণ প্রদানে ইন-হাউজ বিশেষজ্ঞের সাহায্য নিতে দিয়ে, এবং অতিরিক্ত উচ্চ-প্রযুক্তি শিল্পে ইন্টার্নশিপ সুযোগের জন্য ETIP কর ক্রেডিট সম্প্রসারিত করে।

জানুস সুরক্ষার সম্প্রসারণ: পাবলিক সেক্টর ইউনিয়নগুলোর জন্য নতুন নিরাপত্তা ব্যবস্থা অনুমোদিত বাজেটটি প্রদান করে এবং নিউ ইয়র্কের সকল স্থানীয় সরকারে জানুস সুরক্ষা বৃদ্ধি ও সংগঠিত এবং সমষ্টিগতভাবে চুক্তি করার অধিকার নিশ্চিত করে বাজেটটি আরও বিস্তৃত হয়।

আহত শ্রমিকদের জন্য চিকিৎসা প্রদানকারীদের নিকট প্রবেশাধিকার সম্প্রসারণ: আহত শ্রমিকদের যত্নকারী মেডিকেল পেশাজীবীদের সংখ্যা ও ধরন বৃদ্ধি, কর্মক্ষেত্রে আহত শ্রমিকদের প্রত্যাশিত খরচ ও যত্নের সময়সীমা হ্রাস ও আরও উন্নত সেবা প্রদানের উদ্দেশ্যে, বাজেটটি শ্রমিকের ক্ষতিপূরণ ব্যবস্থার অধীনে যত্ন প্রদানকারী হিসেবে উল্লিখিত তিনটি নতুন ধরনের চিকিৎসা পেশাজীবী যোগ করে: নার্স প্র্যাকটিশনার, আকুপাংকচারিস্ট ও লাইসেন্সপ্রাপ্ত ক্লিনিক্যাল সামাজিক কর্মী। শ্রমিকদের চিকিৎসার জন্য লাইসেন্সপ্রাপ্ত প্রত্যয়িত সামাজিক কর্মী এবং মানসিক নার্স প্র্যাকটিশনারদের অনুমতি প্রদান উল্লেখযোগ্যভাবে মানসিক স্বাস্থ্য সেবার সুযোগ বৃদ্ধি করবে, যা একটি অসুরক্ষিত জনসংখ্যার জন্য অত্যন্ত প্রয়োজনীয় সম্পদ সরবরাহ করবে। ওপিওড নির্ভরতা এবং অন্যান্য মানসিক স্বাস্থ্য

অবস্থায় ক্ষতিগ্রস্ত আহত শ্রমিকরা চিকিৎসা গ্রহণে যে বাধার সম্মুখীন হন, তাও এটি অপসারণ করে।

সাশ্রয়ী মূল্যের আবাসন ও দারিদ্রের সাথে যুদ্ধের সুযোগ নিশ্চিত করে

20 বিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন ও গৃহহীনতা উদ্যোগ অব্যাহত রাখে: নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ ও সুরক্ষিত বাসস্থান সরবরাহ করার জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন, সহায়তাকারী আবাসন ও সংশ্লিষ্ট সেবায় সমন্বিত পাঁচ বছরের বিনিয়োগে 20 বিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন প্রদান এই বাজেট অব্যাহত রাখে। এই বিনিয়োগটি 100,000 ইউনিটের বেশি সাশ্রয়ী মূল্যের বাসস্থান এবং 6,000 ইউনিটের সহায়তাকারী আবাসন তৈরি বা সংরক্ষণ করছে। 3.5 বিলিয়ন মার্কিন ডলারের মূলধন সম্পদ, স্টেট ও ফেডারেল ট্যাক্স ক্রেডিট ও অন্যান্য বরাদ্দে 8.6 বিলিয়ন মার্কিন ডলার এবং বাসস্থান, সহায়তাকারী আবাসন ইউনিট ও ভাড়া ভর্তুকি পরিচালনা করার জন্য 8 বিলিয়ন মার্কিন ডলার এই অর্থায়নে অন্তর্ভুক্ত রয়েছে।

সবার জন্য ন্যায্য আবাসন নিশ্চিত করতে আয়ের উৎসের সুরক্ষা প্রণয়ন: নিউ ইয়র্ক স্টেটের কিছু কিছু অংশে, বাড়ির মালিকেরা আবেদনকারীর বৈধ আয়ের উৎসের উপর ভিত্তি করে তাদের আবেদন বাতিল করতে পারে, এর ফলে বেতন-হীন আয়ের বা আয়ের সহায়তার উপর নির্ভরশীল পরিবারগুলি এবং যারা তাদের পরিবারের আবাসনের জন্য ভাউচার ব্যবহার করে তারা সামঞ্জস্যহীনভাবে ক্ষতিগ্রস্ত হয়। বাজেটটি নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন (New York State Human Rights Law) সংশোধনে বিধানসভার সাথে কাজ করবে যার ফলে পুরো স্টেটে বৈধ আয়ের উৎসের উপর ভিত্তি করে বৈষম্য নিষিদ্ধ করা হবে এটি নিশ্চিত করার জন্য যে বৈধ আয় যেন আবাসনের প্রতিবন্ধকতা না হয়ে দাঁড়ায়, নিউ ইয়র্কের অর্থনৈতিকভাবে সব থেকে দুঃস্থ মানুষদের আর্থিক স্থায়িত্বের অভাব হ্রাস করবে।

ESPRI কমিউনিটিকে সমর্থন: এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন উদ্যোগের (Empire State Poverty Reduction Initiative, ESPRI) অন্তর্গত 16টি কমিউনিটিকে সহায়তা করা চালিয়ে যাওয়ার জন্য অনুমোদিত বাজেট 4.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। এই অর্থায়ন নিশ্চিত করবে যে ষোলটি সিটির সবগুলোতে আসন্ন অর্থ বছরের পুরোটা সময় তাদের কমিউনিটিগুলোকে সহায়তা করা অব্যাহত রাখবে।

গ্রামীণ ও কৃষিভিত্তিক অর্থনীতি সমর্থন করা

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারগ্রাউন্ড (Great New York State Fairgrounds) পুনরুজ্জীবিতকরণ অব্যাহত রাখা: স্টেটের ফেয়ার কেন্দ্রীয় নিউ ইয়র্কে এক বছরে 100 মিলিয়ন মার্কিন ডলারের কর্মকাণ্ড চালিত করে এবং হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করে। গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট গত তিন বছরে নিউ ইয়র্ক স্টেটের ফেয়ারগ্রাউন্ড পুনরায় গঠন করতে দুইটি পর্যায়ে 120 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। স্টেটের ফেয়ারগ্রাউন্ডগুলোর রূপান্তর অব্যাহত রাখার জন্য, অনুমোদিত বাজেটে 5 মিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন রয়েছে যা 2019 অর্থ বছরের চেয়ে 2.5 মিলিয়ন মার্কিন ডলারের অধিক। এই তহবিলটি ন্যায্য সুযোগ-সুবিধার সংস্কার ও

পুনর্বাসন এবং এক্সপো সেন্টারসহ ফেয়ারগ্রাউন্ডগুলোর সারা বছরের কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য ব্যবহার করা হবে।

নিউ ইয়র্কের চাষীদের সহায়তা করতে মুখ্য প্রোগ্রামসমূহে অর্থায়ন করা: স্থানীয় সহায়তা অ্যাপ্রোপ্রিয়েশনের অনুমোদিত বাজেটে 33.2 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে যা স্টেটব্যাপী খামারগুলোর উপর অর্থনৈতিক ও জলবায়ু বৈষম্যের প্রভাব হ্রাসের জন্য বিশেষ প্রযুক্তিগত সহায়তা, শিল্প প্রচার এবং গবেষণা বিনিয়োগ সরবরাহকারী কর্মসূচিগুলোকে অর্থায়ন প্রদান করবে।

<u>সামাজিক ন্যায়বিচার</u>

সবার জন্য অপরাধ ন্যায়বিচার অগ্রসর করা

অপরাধ ন্যায়বিচার সংস্কার: 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে নিম্নলিখিত সংস্কারগুলি অন্তর্ভুক্ত করার মাধ্যমে নিউ ইয়র্ক একটি যৌক্তিক অপরাধ বিচারব্যবস্থার প্রতি তার অঙ্গীকার অব্যাহত রেখেছে:

- **প্রাক-বিচার কারারোধ হ্রাস করার উদ্দেশ্যে জামিন ও গ্রেফতার পদ্ধতির সংস্কার করে:** 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে অনন্য আইন প্রণয়নের একটি অঙ্গ হিসাবে বিচারের আগে কারাগারে বন্দী ব্যক্তির সংখ্যা হ্রাস করার মাধ্যমে নিউ ইয়র্কের জামিন ব্যবস্থা নাটকীয়ভাবে রূপান্তরিত হবে। বিশেষত, হেফাজতমূলক গ্রেফতারের পরিবর্তে অধিকাংশ সামান্য অপরাধমূলক কাজকর্ম এবং ক্লাস ই গুরুতর অপরাধের অভিযুক্তদের ক্ষেত্রে পুলিশ কর্মকর্তাদের অবশ্যই ডেস্ক উপস্থিতি টিকিট জারি করতে হবে এইরকম একটি নতুন প্রয়োজনীয়তার পাশাপাশি সামান্য অপরাধমূলক কাজকর্ম এবং গুরুতর অহিংস অপরাধের জন্য নগদ জামিন উঠিয়ে দেওয়া হবে। একত্রিতভাবে, এই সংস্কারগুলি নিশ্চিত করবে অধিকাংশ মামলা - আনুমানিক 90% - যেখানে কোনো ব্যক্তি অভিযুক্ত হলেও এখনও পর্যন্ত কোনও অপরাধের জন্য দোষী সাব্যস্ত হননি, সেক্ষেত্রে তিনি যেন আদালতে তাঁর নির্দিষ্ট দিনের আগে কারাগারের বাইরে থাকেন।
- **একটি দ্রুত বিচারের অধিকার নিশ্চিত করে:** মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান এবং রাষ্ট্রীয় আইন, উভয় ক্ষেত্রেই নীতিগুলি বিধিবদ্ধ থাকা সত্ত্বেও একজন ফৌজদারি বিবাদীর দ্রুত বিচারের অধিকার একটি বিলম্বিত প্রক্রিয়ায় পরিণত হতে পারে - এবং প্রায়শই তা হয়ও - যার ফলে লোকেদেরকে অত্যধিক সময়ের জন্য প্রাক-বিচার হেফাজতে বন্দী করে রাখা হয়। গড়ে, সমগ্র দেশ জুড়ে স্থানীয় কারাগারগুলিতে বন্দী দুই-তৃতীয়াংশ মানুষকে কেবলমাত্র আদালতে তাঁদের দিনের জন্য অপেক্ষারত অবস্থায় বন্দি করে রাখা হয়েছে। এই বিলম্বগুলির প্রকৃত প্রভাব রয়েছে যেহেতু কোনও অন্যায় কাজের জন্য এখনও দোষী সাব্যস্ত হননি এমন ব্যক্তিদের প্রায়শই তাঁদের কর্মসংস্থান এবং সম্প্রদায়ের সাথে সম্পর্ক হারাতে হয়। এই অবিচারটির অবসান করা এবং পূর্বের জমে থাকা ফৌজদারি মামলাগুলির সংখ্যা হ্রাস করার উদ্দেশ্যে, 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেট কিছু আইনসমূহকে

অন্তর্ভুক্ত করে যা অহেতুক বিলম্বগুলি হ্রাস করা এবং সকল পক্ষ যে বিচারের জন্য প্রস্তুত তা নিশ্চিত করার মাধ্যমে আদালতগুলির ক্ষেত্রে দায়বদ্ধতা বৃদ্ধি করা আবশ্যক করে তোলে।

- **সন্ধান প্রক্রিয়ার রূপান্তর ঘটায়:** যার মাধ্যমে প্রসিকিউটররা বিচার শুরু না হওয়া পর্যন্ত মৌলিক প্রমাণগুলি ধরে রাখতে পারবে, নিউ ইয়র্কের সেই পুরাতন সন্ধানপ্রক্রিয়াকে পুনরায় ঢেলে সাজাতে, 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে অন্তর্ভুক্ত করা আইনসমূহ, প্রসিকিউটর এবং বিবাদীপক্ষ উভয়ের ক্ষেত্রেই বিচারের বহু পূর্বে তাঁদের দখলে থাকা তথ্যগুলিকে সরবরাহ করা আবশ্যক করে তোলে। বিবাদীপক্ষকে নিজেকে দোষী ঘোষণা করার পূর্বে বাদীপক্ষের কাছে কী প্রমাণ আছে তা দেখে নেওয়ার সুযোগ দেওয়া হবে। প্রসিকিউটরদের আরোপের 15 দিনের মধ্যে পক্ষসমর্থনকারীকে সন্ধানযোগ্য তথ্য এবং সামগ্রীগুলি সরবরাহ করতে হবে। এছাড়াও, প্রসিকিউটরদের একটি প্রতিরক্ষামূলক আদেশের জন্য আদালতের নিকট আবেদন করার ক্ষমতা প্রদান করার মাধ্যমে এবং সাক্ষীদের নিরাপত্তা এবং বিচার প্রক্রিয়ার পবিত্রতা নিশ্চিত করার জন্য প্রয়োজনানুসারে সনাক্তকারী তথ্যগুলি রক্ষা করার মাধ্যমে, আইন প্রণয়নটি ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা এবং সাক্ষীরা যাতে হুমকি এবং অন্যান্য ধরণের বলপূর্বক নিগ্রহের হাত থেকে সুরক্ষিত থাকেন তা নিশ্চিত করবে।

অসামরিক সম্পত্তি বাজেয়াপ্তকরণে আনে স্বচ্ছতা ও দায়বদ্ধতা: অসামরিক সম্পত্তির বাজেয়াপ্তকরণ হল এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে কর্তৃপক্ষ অবৈধ উপায়ে অর্জন করা অথবা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ভরপাই প্রদান করার উপায়ের মাধ্যমে অর্জিত নগদ টাকা অথবা সম্পত্তি জব্দ করে। আমাদের ফৌজদারী ন্যায় ব্যবস্থায় আস্থা পূণর্স্থাপন করার জন্য গভর্নরের প্রচেষ্টা অব্যাহত রেখে, 2020 অর্থবছরে প্রনয়িত বাজেট অনুযায়ী সমস্ত বাজেয়াপ্ত করা সম্পদগুলি একটি স্বাধীনভাবে তত্বাবধান করা এবং প্রশাসিত অ্যাকাউন্টে রাখা আবশ্যক যেখান থেকে প্রতিটি বিতরণের বিস্তারিত রেকর্ড বজায় রাখা অবশ্যই উচিৎ। বিচার চলাকালীন কোনও ব্যক্তির নগদ অর্থ এবং কথিত অবৈধ আচরণের মধ্যে সম্পর্ক না দেখানো পর্যন্ত আইন প্রয়োগকারীদের দ্বারা সেই অর্থ আটক করা নিষিদ্ধ করা হবে।

নিউ ইয়র্কের আইন প্রয়োগকারী সংস্থাগুলির উপর জনসাধারণের বিশ্বাস বৃদ্ধি করে: একটি নিরাপদ নিউ ইয়র্ক গড়ে তোলার উদ্দেশ্যে পুলিশ এবং তাদের সম্প্রদায়গুলির মধ্যে ইতিবাচক সম্পর্কগুলি যে গুরুত্বপূর্ণ, এই বিষয়টি বিবেচনা করে 2020 অর্থবছরে বিধিবদ্ধ বাজেটটি বল প্রয়োগের নীতি এবং রিপোর্টিংয়ের ক্ষেত্রে সংস্কারগুলিকে অন্তর্ভুক্ত করে। বিশেষত, এই আইনটিতে এখন আইন প্রয়োগকারী সংস্থাগুলির ক্ষেত্রে সর্বনিম্ন মানগুলির সাথে বল প্রয়োগ নীতিগুলি প্রয়োগ করা এবং সব ধরনের বল প্রয়োগের ঘটনা, বিশেষ করে যেগুলির ফলে মৃত্যু বা গুরুতর আঘাত ঘটে, সেগুলি রিপোর্ট করা প্রয়োজন হবে। এই ব্যবস্থাগুলি নিশ্চিত করবে যে নিউ ইয়র্কের পুলিশ এবং শান্তি কর্মকর্তারা পেশাদারিত্বের সর্বোচ্চ মান বজায় রাখেন এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলিতে জনসাধারণের বিশ্বাস বৃদ্ধি করে।

স্টেটের কারাগারে একাকী কারাবাসের (Solitary Confinement) ব্যবহার রূপান্তরিত করা: গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের কারাগারে অসদাচরণের জন্য একাকী কারাবাসের ব্যবহার

নাটকীয়ভাবে সংশোধন ও হ্রাস করেছে। 2020 অর্থবছরের বাজেটে গৃহীত অর্থায়ন ব্যবহার করে গভর্নর সংশোধন ও কমিউনিটি তত্ত্বাবধানে বিভাগকে (Department of Corrections and Community Supervision) নির্দেশ দিচ্ছেন, এককভাবে আটক থাকার সংস্কারের গতিবেগ অবিরত রাখতে একক আটক থাকার সময়ের দৈর্ঘ্য সীমাবদ্ধ করা, পুনর্বাসন ও সংহতীকরণের জন্য নিবেদিত আবাসন ইউনিটগুলি প্রসারিত করা একটি শাস্তিমূলক অনুমোদনের পরে, এবং ইতিবাচক সামাজিক আচরণ বলবত করতে থেরাপিউটিক প্রোগ্রামিং উন্নত করার জন্য।

পূর্বে কারারুদ্ধ ব্যক্তির পরিণতিগুলি উন্নতি করার জন্য একটি ব্যাপক পুনঃপ্রবেশ প্যাকেজ প্রণয়ন করে: অভিযুক্ত অপরাধীরা সমাজে আবার সমাজে ফেরার সময় উল্লেখযোগ্য অর্থনৈতিক এবং সামাজিক বাধার সম্মুখীন হন। অর্থ বছর 2020 বাজেটে পেশাগত লাইসেন্সগুলিতে সার্বিক বিধিবদ্ধ নিষেধাজ্ঞা বাতিল করার আইন অন্তর্ভুক্ত রয়েছে; মাদক সংক্রান্ত অপরাধের জন্য বাধ্যতামূলক ছয় মাসের জন্য লাইসেন্স স্থগিত করার নিয়ম অপসারণ করা যদি না সেই অপরাধ গাড়ি চালানো সংক্রান্ত হয়; একটি নির্দিষ্ট আইন প্রয়োগের উদ্দেশ্য যেখানে নেই সেখানে মুখের ছবি প্রকাশ করা প্রতিরোধ করা; অতীতের গ্রেফতারের তথ্যকে কর্মসংস্থান, আবাসন এবং লাইসেন্সিংয়ের মতো নাগরিক উদ্দেশ্যে কারো বিরুদ্ধে ব্যবহার করা থেকে বিরত থাকার জন্য অপরাধী ইতিহাসের রিপোর্টিঙ্গের আধুনিকায়ন করা; এবং যে গ্রেফতার থেকে শাস্তি হয়নি তার ভিত্তিতে আবাসনের ক্ষেত্রে বৈষম্য প্রদর্শন কে বেআইনি করা।

অতিরিক্ত রাজ্যের কারাগারগুলি বন্ধ করে দেয়: কারাগারে জনসংখ্যার অভূতপূর্ব অবনতির পর, 2020 অর্থবছরের প্রবর্তিত বাজেটে ত্বরান্বিত সময়সূচিতে তিনটি অবধি কারাগার বন্ধ করার জন্য সংশোধন ও কমিউনিটি তত্ত্বাবধানে বিভাগকে অনুমোদন দেওয়া হয়েছে। চূড়ান্তভাবে নির্বাচিত সুনির্দিষ্ট সুবিধার উপর এটি নির্ভরশীল হলেও এই বন্ধগুলি কমপক্ষে 1200 টি বিছানা নির্মূল করবে এবং আনুমানিক 35 মিলিয়ন মার্কিন ডলারের বার্ষিক সঞ্চয় প্রদান করবে বলে মনে করা হয়। এই বন্ধগুলি দেশের বৃহত্তম রাজ্যগুলির মধ্যে সর্বনিম্ন অপরাধের এবং কারাগারবাসের হার সহ স্টেট হিসেবে নিউ ইয়র্কের অবস্থান বলবত করে।

তত্ত্বাবধানের প্রয়োজন ব্যক্তির (Person in Need of Supervision, PINS) সংস্কারের প্রনয়ন করে: ঐতিহাসিক রেইজ অফ দ্য এজ (Raise the Age) আইনের উপর ভিত্তি করে, এই বছরের প্রণয়ন করা বাজেট যুব ন্যায়বিচারের সংস্কার অবিরত রেখেছে আটক রাখা নিষিদ্ধ করে এবং PINS যুবকদের আবাসিক স্থাপনের সময়ের সীমা স্থাপন করে। PINS যুবকদের কোনও অপরাধের জন্য অভিযুক্ত করা হয়নি এবং এই বাজেটটি ঝুঁকিপূর্ণ তরুণদের জন্য সমাজভিত্তিক পরিষেবার উপর জোর দেয় যাতে তারা অল্পবয়স্ক ও প্রাপ্তবয়স্ক বিচার ব্যবস্থার মধ্যে ঢুকতে না পারে।

প্রজননসংক্রান্ত ন্যায়বিচার ও নারীদের জন্য সমতা অগ্রসর করবে

মায়েদের মরণশীলতার সাথে লড়াইয়ের প্রচেষ্টায় বিনিয়োগ: গভর্নর কুওমোর উওমেন্স এজেন্ডার অংশ হিসাবে, বাজেটে মায়েদের মরণশীলতার বিরুদ্ধে লড়াইয়ের উদ্যোগের জন্য দুই বছরেরও বেশি সময় ধরে 8 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ অন্তর্ভুক্ত করা হয়েছে, যার মধ্যে একটি সার্বিক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচী রয়েছে যার মধ্যে রাজ্য জুড়ে স্বাস্থ্যসেবা সংস্থার মধ্যে উহ্য জাতিগত

বৈষম্যের হ্রাস; রাজ্য জুড়ে মূল সম্প্রদায়গুলির মধ্যে কমিউনিটি হেলথ ওয়ার্কার (Community Health Worker, CHW) প্রোগ্রাম সম্প্রসারণ; মায়েদের মরণশীলতা এবং অসুস্থতা সম্পর্কে রিয়েল-টাইম তথ্য প্রদানের জন্য একটি উদ্ভাবনী ডেটা ওয়েরহাউজ; এবং নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি মাতৃ মৃত্যুর পর্যালোচনা এবং যত্ন ও ব্যবস্থাপনা উন্নত করার জন্য কার্যক্ষম সুপারিশগুলি বিকাশের উদ্দেশ্যে স্বাস্থ্য বিভাগের (Department of Health) মধ্যে বিশেষজ্ঞদের বোর্ড যা বহুবিষয়ক বিশ্লেষণ পরিচালনা করবে।

ইন-ভিট্রো প্রজনন পরিষেবার জন্য কভারেজ বিস্তৃত করে: গভর্নর কুওমোর উওমেন্স এজেন্ডার অংশ হিসাবে, অর্থ বছর 2020 এর প্রনয়ণ করা বাজেট অনুযায়ী জন্য বৃহত্তর গ্রুপ (100 বা আরো পূর্ণ-সময়ের কর্মীদের সহ নিয়োগকর্তা) বিমা পলিসির প্রয়োজন নিউ ইয়র্ক স্টেটে ইন-ভিট্রো ফার্টিলাইজেশনের তিনটি চক্রের জন্য কভারেজ প্রদানের জন্য। পরিবার পরিকল্পনাতে ব্যয়বহুল বাধা দূর করার সাথে এই কভারেজ নিরাপদ এবং সাশ্রয়ী প্রজনন স্বাস্থ্যের উন্নয়ন করে। বিলটি এছাড়াও চিকিৎসাগতভাবে উপযুক্ত প্রজনন সংরক্ষণের জন্য কভারেজ প্রসারিত করে।

যৌন নির্যাতনের শিকারদের জন্য ধর্ষণের ঢাল সুরক্ষা প্রসারিত করে: রেপ শিল্ড আইন যৌন নির্যাতনের শিকার ব্যক্তিদের আদালতে বিচার চাইতে গেলে তাদের যৌন ইতিহাস তাদের বিরুদ্ধে ব্যবহার হওয়া থেকে গুরুত্বপূর্ণ সুরক্ষা প্রদান করে। জৌন পাচার সংক্রান্ত অপরাধের শিকার যারা তাদের প্রতি এই সুরক্ষাগুলি প্রসারিত করে এই বছরের বাজেট।

পারিবারিক হিংসার আশ্রয়ের সংস্কারের প্রয়োজনসমূহ: কোনোরকম শর্ত ছাড়াই গুরুত্বপূর্ণ সঙ্কটকালীন পরিষেবা যাতে শিকাররা পান তা নিশ্চিত করতে আর্থিক বর্ষ 2020 এর বাজেট সেই বিধিবদ্ধ নিয়মগুলি নির্মূল করেছে যা অনুযায়ী পারিবারিক হিংসার শিকারদের সর্বজনীন সহায়তার জন্য আবেদন করতে হবে।

ফ্যামিলি এম্পাওয়ারমেন্ট কমিউনিটি কলেজ প্রোগ্রামের (Family Empowerment Community College Program) সূচনা করা: বেতন বৈষম্য দূরীকরণ ও "স্টিকি ফ্লোর" সমাপ্ত করতে শিক্ষার গুরুত্বকে স্বীকৃতি দিয়ে নিউ ইয়র্ক একটি পাইলট কর্মসূচীর অর্থায়ন করবে যা একক পিতামাতাদের যারা SUNY এবং CUNY কমিউনিটি কলেজ ক্যাম্পাসসমূহে উপস্থিত হয় বা অংশগ্রহণ করে তাদের নিজস্বকৃত সহায়তা প্রদান করবে। এই উদ্ভাবনমূলক কর্মসূচি তিন বছর যাবত প্রতি বছরে 400 পর্যন্ত পিতামাতাকে সহায়তা করবে। অংশগ্রহণকারীগণ ক্ল্যাম্পাসেই শিশু সেবা, নিবিড় ব্যক্তিগত উপদেশ, টিউটরিং, ক্যারিয়ার কাউন্সেলিং ও 4-বছর স্কুলে স্থানান্তরে সহায়তাসহ শিক্ষাগত সহায়তা প্রদান করবে।

একটি নিরাপদ নিউ ইয়র্ক তৈরি

লিমো নিয়ন্ত্রণ করে: লিমো শিল্পের জন্য নতুন আইন প্রণয়ন করে, এটিকে একটি E শ্রেণীর অপরাধ বলে স্বীকৃত করে যেখানে সজ্ঞানে একটি লিমো পরিচালনা করার জন্য অন্য কোনো ব্যক্তির মৃত্যু হয়, গণ জরিমানাকে আরো বৃদ্ধি করা উচ্চতর বেসামরিক জরিমানা সহ স্টেটের পরিবহন দপ্তরের (Department of Transportation, DOT) কতৃত্ব ছাড়া পরিচালনা করা বা DOT-র নিরাপত্তা

সংক্রান্ত আইন লঙ্ঘন করা। তার সাথে, লিমোগুলি অনুবর্তিতার বাইরে থাকাকালীন, স্টেট পুলিশ এবং DOT-র স্পষ্ট অধিকার থাকবে গাড়ীর প্লেটগুলি পুনরুদ্ধার করার। মোটর ভেহিকেলস ডিপার্টমেন্ট (Department of Motor Vehicles, DMV) যুক্তরাষ্ট্রীয় নিরাপত্তার মানদণ্ড পূরণ না করা লিমোগুলির নিবন্ধন প্রত্যাখান এবং প্রত্যাহার করতে পারবে। একটি অননুমোদিত গাড়ী একটি লাইসেন্স প্রাপ্ত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা করতে আসলে, পরীক্ষা কেন্দ্রটিকে এখন ওই গাড়ীটি সম্পর্কে DMV তে রিপোর্ট করতে হবে। 18-মাসের মধ্যে কোনো পরীক্ষা কেন্দ্র অন্যায্যভাবে পরীক্ষা সম্পাদন করলে তার অপারেটিং সার্টিফিকেট বাতিল করা হবে। স্ট্রেচ লিমোসগুলির U-টার্ন করা নিষিদ্ধ করা হয়েছে। আটজন বা তার বেশি যাত্রী বসার ক্ষমতাযুক্ত বাণিজ্যিক গাড়ীগুলিকে অন্তত 1.5 মিলিয়ন কভারেজ যুক্ত বিমা রাখতে হবে।

গণতন্ত্রের উন্নতি করা

গণতান্ত্রিক কার্যাবলীর আইন পাস করা: বিধানসভা অধিবেশনের প্রথম 10 সপ্তাহের মধ্যে পাশ হওয়া ভোটিং সংস্কারের উপর ভিত্তি করে, এই বছরের বাজেটে, নির্বাচনের দিন ভোট দেওয়ার জন্য সকল নিউ ইয়র্কবাসীদের বেতন সহ তিন ঘন্টা সময় প্রদান করবে, ভোটারের অনলাইন নিবন্ধনের আইন পাশ করবে, ই-পোল বইয়ের জন্য 14.7 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন, আপস্টেট অঞ্চলগুলিতে ভোট প্রদানের সময় প্রসারিত করে সকাল 6টায় শুরু করাকে আইনে পরিণত করা হয়েছে এই বাজেটে এবং তাড়াতাড়ি ভোটদানের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার এর অন্তর্ভুক্ত।

একটি পূর্নাঙ্গ জনগণনায় সহায়তা: এই বছরের বাজেট 2020 আর্থিক বছরের জন্য সমস্ত নিউ ইয়র্কবাসীদের জনসংখ্যার অংশ হিসাবে গণনা করা নিশ্চিত করতে পুনর্বাসন এবং শিক্ষার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার অনুমোদন করেছে।

ক্যাম্পেইনের অর্থনীতির সংস্কার

গণ প্রচার অর্থনীতি বাস্তবায়ন করে অর্থ বছর 2020 কার্যকর বাজেট একটি পাবলিক ফাইন্যান্সিং কমিশন প্রতিষ্ঠা করে যা সরকারী ও রাষ্ট্রীয় অফিসগুলির জন্য জনসাধারণের প্রচারাভিযানের অর্থায়ন বাস্তবায়নের বাধ্যতামূলক শক্তি ধারণ করে, যা সর্বজনীন তহবিলে 100 মিলিয়ন মার্কিন ডলার অবধি অনুমোদন করে। কমিশন পাবলিক ফাইন্যান্সিং সিস্টেমের নির্দিষ্ট দিক নির্ধারণ করবে, যোগ্যতার থ্রেশহোল্ড, পাবলিক ফাইন্যান্সিং এর সীমা, এবং অংশগ্রহণকারী প্রার্থীদের জন্য অবদানের সীমা সহ। কমিশনের ফলাফল 2019 সালের 1 ডিসেম্বরের একটি রিপোর্টে প্রদেয় হবে এবং 20 দিনের মধ্যে আইন দ্বারা সংশোধন না করা হলে তা বাধ্যতামূলক হবে।

অভিবাসীদের অধিকার নিশ্চিতকরণ

নিউ ইয়র্কের অভিবাসীদের জন্য ন্যায্য বিচার ব্যবস্থাকে (Fair Justice System) নিশ্চিত করে: অর্থ বছর 2020 কার্যকর বাজেটে ফৌজদারি বিচার ব্যবস্থার সাথে একটি ছোটখাট ইন্টার‍্যাকশনের পরে অভিবাসীদের সুরক্ষা প্রদানের জন্য একটি সাধারণ জ্ঞানের সংক্রান্ত ব্যবস্থা করা হয়েছে। ফেডারেল আইন অনুযায়ী, কোনও অভিবাসী যদি এক বছরের বা তার বেশি সময়ের

শাস্তিযোগ্য অপরাধের জন্য দোষী সাব্যস্ত করা হয় তাহলে তাকে দেশান্তরিত করা যেতে পারে। ব্যক্তিটি শেষ অবধি একটি অপেক্ষাকৃত কম শাস্তিও যদি পায় তাহলেওও এই দেশান্তর করা যেতে পারে। অত্যাধিক শাস্তি থেকে অভিবাসীদের রক্ষা করার জন্য, যা জনসাধারণের নিরাপত্তা রক্ষার জন্য অল্পই অবদান রাখে, এই ব্যবস্থাটি অপকর্মের জন্য সর্বাধিক শাস্তি এক দিন কমিয়ে 365 থেকে 364 দিন করে। এই একটি দিন এই গ্যারান্টি প্রদান করবে যে অভিবাসীরা তাদের প্রাপ্য সুরক্ষার অধিকারী এবং অনাকাঙ্খিত দেশান্তর প্রতিরোধ করবে।

নিউ ইয়র্কের অভিবাসী সম্প্রদায়গুলিকে আইনি পরিষেবা প্রদান করে: প্রথম জাতীয় লিবার্টি প্রতিরক্ষা প্রকল্প (Liberty Defense Project) সম্প্রসারণে সহায়তা করার জন্য প্রণোদিত বাজেট 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। 2017 সালে প্রতিষ্ঠিত, লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট (Liberty Defense Project, LDP) কঠোর ফেডারেল অভিবাসন নীতিগুলির দ্বারা আক্রান্ত অভিবাসীদের এবং সম্প্রদায়গুলিকে 25,000 এরও বেশি গুরুত্বপূর্ণ আইনি পরিষেবা প্রদান করেছে। LDP প্রসারণের মধ্যে থাকবে গোল্ডেন ডোর প্রকল্প (Project Golden Door), যা নিউ ইয়র্কের অভিবাসী শিশু ও পরিবারের জন্য গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করবে, এবং একটি আঞ্চলিক র‍্যাপিড রেসপন্স প্রোগ্রাম (Regional Rapid Response program) যা ICE-র নির্দিষ্ট লক্ষ্যে করা অভিযান ও বিধিবহির্ভূত গ্রেফতারের প্রতি প্রতিক্রিয়াসহ বিভিন্ন ধরনের কার্যকর আইনি পরিষেবা ঘটনাস্থলেই দ্রুত প্রদান করবে। এই উন্নয়ন বর্তমানে বর্তমান LDP অংশীদারদের প্রদত্ত সেবা নেটওয়ার্কের উপর নির্মিত হবে এবং পুরো স্টেটে, বিশেষ করে বঞ্চিত কমিউনিটিগুলিতে অভিবাসীদের জন্য আরও একনিয়মানুসারী আইনি কভারেজ তৈরি করবে।

<u>সব নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায়বিচার</u>

সাধ্যের মধ্যে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা রক্ষা করা:

সাশ্রয়ী পরিচর্যার অ্যাক্ট (Affordable Care Act, ACA) এবং হেলথ এক্সচেঞ্জকে (Health Exchange) আইনে পরিবর্তিত করেঃ ওয়াশিংটন সাশ্রয়ী মূল্যের কেয়ার অ্যাক্টের ঐতিহাসিক অগ্রগতি রদ করার হুমকি দিতে থাকা সত্ত্বেও, মূল ACA-র বিধানগুলি এবং নিউ ইয়র্ক স্টেট হেলথ এক্সচেঞ্জ আইনে পরিণত করা, যাতে ফেডারেল পর্যায়ে যাই ঘটুক না কেন এই মূল বিধানগুলি নিউ ইয়র্ক স্টেটে সুরক্ষিত তা নিশ্চিত করা।

আফিমজাতীয় পদার্থের মহামারী বন্ধ করতে যুদ্ধ করা

বুপ্রিনরফিনের (Buprenorphine) অ্যাক্সেস বৃদ্ধি করা: ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসার (Medication Assisted Treatment, MAT) ক্ষেত্রে বুপ্রিনরফিন একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি যেটি মিথাডোন (methadone) এবং ইঞ্জেকশন নালট্রাক্সোনের (naltrexone) মতো এবং আফিমজাতীয় পদার্থ ব্যবহারজনিত সমস্যা থেকে নিরাময় পেতে লোকজনকে সাহায্য করার ক্ষেত্রে উপযুক্ত হিসেবে কাউন্সেলিং এর পাশাপাশি সমন্বিতভাবে ব্যবহার করা হয়। বুপ্রিনরফিনের ব্যবহার বৃদ্ধি করতে, গভর্নর কুওমো স্বাস্থ্য বিভাগকে (Department of Health) নির্দেশনা দিবেন যেন চিকিৎসার আদর্শ সেবা বা চিকিৎসার জন্য রেফারেলের ভিত্তিতে আফিমজাতীয় পদার্থ ব্যবহারজনিত সমস্যা সমাধানের

লক্ষ্যে স্টেটব্যাপী সব হাসপাতালে তাদের জরুরি বিভাগের জন্য চিকিৎসাবিধি তৈরি আবশ্যক করা হয়। প্রনিত বাজেট হেলথ প্ল্যানগুলিকে ওষুধ দ্বারা সহায়িত চিকিৎসার জন্য অগ্রিম অনুমোদনের প্রয়োজন বাধ্যতামূলক করাকে নিষিদ্ধ করে।

ফৌজদারি বিচার ব্যবস্থায় ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসার সুযোগের অ্যাক্সেস বৃদ্ধি করে: স্থানীয় কারাগারগুলিতে ওষুধের সহায়তায় চিকিৎসা (medication assisted treatment, MAT) সমর্থন করার জন্য অনুমোদিত বাজেটে 4.75 মিলিয়ন মার্কিন ডলার, অর্থাৎ 1 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি এবং MATকে তিনটি অতিরিক্ত সংশোধন ও কমিউনিটি তত্ত্বাবধানের বিভাগের স্থানে প্রসারিত করার জন্য ফেডারেল ফান্ডগুলি প্রদান করা হয়েছে। এই কার্যকর প্রোগ্রামগুলি পুনরুদ্ধারে থাকা কয়েদিদের সহায়তা করবে এবং তাদের মুক্তির পূর্বে তাদের সম্প্রদায়-ভিত্তিক পরিষেবাদিগুলিতে সংযুক্ত করবে, তাদের সাফল্যের সম্ভাবনা বাড়াতে এবং তাদের অপরাধপ্রবণতা হ্রাস করতে।

মাদক ব্যবহারের ব্যাধির চিকিত্সা আরো অ্যাক্সেসযোগ্য করে তোলে: প্রণয়িত বাজেট হেলথ প্ল্যানের ন্যূনতম কভারেজের মান বাধ্যতামূলক করে চিকিৎসাকে আরো অ্যাক্সেসযোগ্য এবং সাশ্রয়ী করে; চিকিত্সাগতভাবে অপরিহার্য চিকিত্সা থেকে বঞ্চিত করাকে নিষিদ্ধ করে; প্রতিদিন একাধিক সহ-অর্থ প্রদান নিষিদ্ধ করে এবং প্রাথমিক সহ-অর্থ প্রদানকে আচরণগত স্বাস্থ্য সহ-অর্থ প্রদানের সমান করতে হবে। এই পরিবর্তনগুলি প্রশাসনিক ও ব্যয়ের বোঝাগুলিকে নির্মূল করে যা নিউ ইয়র্কবাসীদের, যারা আসক্তিতে আক্রান্ত, তাদের চিকিত্সার পথে অন্তরায় হয়ে উঠতে পারে।

সুস্থ কমিউনিটি তৈরি করা

জুবকদের মধ্যে তামাকের ব্যবহার কমানোর ব্যবস্থা: নিউ ইয়র্কের তরুণদের মধ্যে তামাকের ব্যবহার কমানোর জন্য এবং শিল্পকে অধিকতর নিয়ন্ত্রণ সরবরাহ করার প্রচেষ্টায়, প্রনয়িত বাজেট ই-সিগারেটের উপর কর প্রবর্তন করবে এবং লাইসেন্সকৃত খুচরা বিক্রেতাদের দ্বারাই কেবল ই-সিগারেট বিক্রি করা বাধ্যতামূলক করবে।

বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য কমিউনিটি-ভিত্তিক সহায়তায় বিনিয়োগ করে: অর্থ বছর 2020-র প্রনয়িত বাজেটে NYSOFA-র সহায়তা পরিষেবাদিতে স্থানীয়ভাবে চিহ্নিত 15 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের প্রয়োজন রয়েছে যাতে মানুষ তাদের সম্প্রদায়ের মধ্যে দীর্ঘতর সময় রাখা যায়, পরিবার এবং বন্ধুদের তাদের পরিচর্যাকারীর ভূমিকায় রাখা যায়, এবং ভবিষ্যতে কম তীব্র পরিষেবাগুলিতে হস্তক্ষেপ করে ভবিষ্যতের মেডিকেইডের খরচ বিলম্বিত করা যায়।

ফ্যামিলি ফার্স্ট ট্রানজিশন ফান্ড (Family First Transition Fund) তৈরি করে: 3 মিলিয়ন মার্কিন ডলারের ফ্যামিলি ফার্স্ট ট্রানজিশন ফান্ড (Family First Transition Fund) ফেডারেল ও প্রাইভেট ফাউন্ডেশনের তহবিলগুলি ব্যবহার করবে কাউন্টি এবং ফস্টার কেয়ার এজেন্সীগুলিকে সহায়তা প্রদান করবে, যাতে আত্মীয়তা ও যত্নের ক্ষমতা বাড়ানো যায়, যার ফলে রাজ্য আসন্ন ফেডারেল ফস্টার কেয়ারের প্রয়োজনীয়তাগুলির পরিবর্তনসমূহ মেনে চলতে সহায়তালাভ করে।

শিশুদের মধ্যে শিশার বিষক্রিয়াকে তার লক্ষ্যের মধ্যে নিয়ে আসে: প্রণয়িত বাজেট প্রতি রক্তে শিশার মাত্রা স্বাস্থ্যসেবা ও পরিবেশগত পদক্ষেপের মাত্রা হ্রাস করে পাঁচ মাইক্রোগ্রাম প্রতি ডেসিলিটার করেছে। এই পদক্ষেপ নিউ ইয়র্ক স্টেট জুড়ে সীসার এক্সপোজার হ্রাস করতে সাহায্য করবে, যা অল্পবয়স্ক শিশুদের জন্য বিশেষ করে ক্ষতিকারক, যাদের মস্তিষ্ক এখনও বেড়ে উঠছে।

নিউ ইয়র্কের পরিবেশগত নেতৃত্ব চালিয়ে যাওয়া

পুনর্নবীকরণযোগ্য শক্তি বিনিয়োগকে প্রসারিত করে: গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিলের অংশ হিসাবে, দেশ-নেতৃস্থানীয় পরিচ্ছন্ন শক্তি ও কর্মসূচী যা 2030 সালের মধ্যে 70% পুনর্নবীকরণযোগ্য শক্তি এবং 2040 সালের মধ্যে 100% কার্বন মুক্ত বিদ্যুতের পথে স্টেটকে নিয়ে যাবে, 2020 অর্থবছরের প্রনয়িত বাজেটটি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির ভূমিকা প্রসারিত করে গ্রাহকদের পুনর্নবীকরণযোগ্য শক্তি এবং শক্তি দক্ষতা পরিষেবা প্রদান করার।

পরিষ্কার পানীয় জলে বিনিয়োগ করা: অর্থ বছর 2020 কার্যকর বাজেটে ফৌজদারি বিচার ব্যবস্থার সাথে একটি ছোটখাট ইন্টারাক্যাশনের পরে অভিবাসীদের সুরক্ষা প্রদানের জন্য একটি সাধারণ জ্ঞানের সংক্রান্ত ব্যবস্থা করা হয়েছে।

প্লাস্টিক ব্যাগের ব্যবহার নিষিদ্ধ করে: বাজেট গ্রাহকদের দেওয়া একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের ব্যাগ নিষিদ্ধ করার আইন অন্তর্ভুক্ত করেছে এবং কাউন্টি এবং শহরগুলিকে কাগজের ব্যাগ ব্যবহারের বিকল্প অবলম্বন করার জন্য 5 সেন্টের ফি প্রদানের পথ বেছে নিতে দিয়েছে, 40% রাজস্ব স্থানীয় প্রোগ্রামগুলিকে কম এবং স্থির উপার্জনের গ্রাহকদের পুনঃব্যবহারযোগ্য ব্যাগ কিনতে সহায়তা করে, এবং 60% রাজস্ব রাজ্যের পরিবেশ সুরক্ষা তহবিলের (State's Environmental Protection Fund) প্রোগ্রামগুলিকে সহায়তা করে।

এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ডের (Environmental Protection Fund) জন্য নতুন রেকর্ড অর্থায়ন পুনর্নবিকরণ করবে: নির্বাহী বাজেটে 300 মিলিয়ন মার্কিন ডলারের রেকর্ড অর্থায়ন অন্তর্ভুক্ত, যা এই কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ অর্থায়ন।

নতুন অর্গানিক্স রিসাইক্লিং প্রোগ্রাম (New Organics Recycling Program) শুরু করা: 2020 অর্থবছরের বাজেটে খাদ্যশস্যের পুনর্ব্যবহারের জন্য খাদ্যশস্যের সর্ববৃহৎ উৎপাদকদের খাদ্যের অবশিষ্টাংশ রিসাইকেল করতে এবং যাদের প্রয়োজন তাদের স্বাস্থ্যকর খাবার দান করা বাধ্যতামূলক করে।

বিধানসভা অধিবেশনের প্রথম 12 সপ্তাহে, নিউইয়র্ক স্টেট নিম্নলিখিত ল্যান্ডমার্ক কৃতিত্বগুলি অর্জনের ফলে ঐতিহাসিক অগ্রগতি করেছে:

- রিপ্রোডাক্টিভ হেলথ অ্যাক্ট (Reproductive Health Act)
- কম্প্রিহেন্সিভ কভারেজ কন্ট্রাসেপ্টিভ অ্যাক্ট (Comprehensive Coverage Contraceptive Act)

- লাল পতাকা বিল
- নিষিদ্ধ বাম্প স্টক
- ব্যাকগ্রাউন্ড চেকের অপেক্ষার সময় বৃদ্ধি
- সবুজ নতুন চুক্তি (Green New Deal) শুরু করা
- LLC লুপহোল বন্ধ করা
- ফেডারেল এবং স্টেট নির্বাচনের মধ্যে সমন্বয়সাধন
- অপ্রাপ্তবয়স্কদের জন্য প্রাক-নিবন্ধিকরণ
- তাড়াতাড়ি ভোট দেওয়া
- নিবন্ধিকরণের সার্বজনীন স্থানান্তকরণ
- উন্নত অজুহাতবিহীন অনুপস্থিতিতে ভোট প্রদান করা
- উন্নত একই দিনে নিবন্ধিকরণ
- চাইল্ড ভিক্টিমস অ্যাক্ট (Child Victims Act)
- জেন্ডার এক্সপ্রেশন নন-ডিস্ক্রিমিনেশন অ্যাক্ট (Gender Expression Non-Discrimination Act)
- কনভার্শন থেরাপি নিষিদ্ধ করা
- রিভেঞ্জ পর্ন নিষিদ্ধ করা
- পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের ন্যায়বিচারের আইন (Domestic Violence Survivors Justice Act)
- কর্মস্থলে স্তন্যপান করাবার সুরক্ষাগুলি আরো শক্তিশালী করা

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন